



ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

সেবা কার্যক্রম

- বিদেশগামী কর্মীদের সংশ্লিষ্ট দেশের বিভিন্ন আইন-কানুন ও রীতিনীতি, ভাষা, আবহাওয়া-পরিবেশ, অধিকার-কর্তব্য ইত্যাদি সম্পর্কে প্রাক বহির্গমন ব্রিফিং প্রদান।
- বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে কর্মীদের নিরাপদে বিদেশ গমন ও প্রত্যাবর্তনে সহায়তা প্রদান।
- প্রবাসে কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা বৃত্তি প্রদান।
- প্রবাসী কর্মীর সন্তানদের জন্য শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন।
- দূতাবাস/হাইকমিশন-এর মাধ্যমে প্রবাসী কর্মীদের আইনগত সহায়তা প্রদান।
- প্রবাসে আটকেপড়া কর্মীদের মুক্তকরণসহ দেশে ফেরত আনয়ন।
- পঙ্গু ও অসুস্থ কর্মীদের আর্থিক সাহায্য প্রদান।
- প্রবাসে মৃত কর্মীর লাশ দেশে আনয়ন।
- বিমানবন্দর হতে মৃতের স্বজনদের নিকট লাশ হস্তান্তরের সময় লাশ পরিবহন ও দাফন খরচ বাবদ ৩৫ হাজার টাকা আর্থিক সাহায্য প্রদান।
- বৈধভাবে বিদেশ গমনকারী মৃত কর্মীর পরিবারকে ৩ লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান।
- প্রবাসে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ/ইন্স্যুরেন্স/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট আদায় এবং ওয়ারিশদের নিকট বিতরণ।
- প্রবাসী কর্মীদের সম্পদ রক্ষা এবং নানাবিধ অসুবিধা দূরীকরণে স্থানীয় প্রশাসনের মাধ্যমে সহায়তা প্রদান।
- প্রবাসী কর্মী এবং তাদের পরিবারকে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং জেলা প্রশাসকের কার্যালয়ের প্রবাসী কল্যাণ শাখার মাধ্যমে সেবা প্রদান।

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড ইস্কাটন গার্ডেন, ঢাকা।
ফোন-০২-৯৩৫২৬১৯